



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যের ইনক্রিমেন্টসংক্রান্ত প্রকাশিত সংবাদের প্রতিবাদ

সম্প্রতি দৈনিক ইনকিলাব ও দৈনিক সমকালসহ কয়েকটি গণমাধ্যমে প্রকাশিত কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈনের ইনক্রিমেন্টসংক্রান্ত প্রকাশিত সংবাদ দৃষ্টিগোচর হয়েছে। সংবাদে যেভাবে মাননীয় উপাচার্যের বিরুদ্ধে ‘ছলচাতুরি’ কিংবা অসততার অভিযোগ আনা হয়েছে, তা সম্পূর্ণ উদ্দেশ্যপ্রণোদিত, মিথ্যা ও বানোয়াট। কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রশাসন প্রকাশিত এ সংবাদের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে।

এ ব্যাপারে সুস্পষ্ট ও আইনসঙ্গত তথ্য হচ্ছে, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসেবে যোগদানের সময় প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈনের নিয়োগত্রের কোথাও ‘চুক্তিভিত্তিক’ কথাটি উল্লেখ নেই। উপাচার্যকে ইনক্রিমেন্ট প্রদান আইন কিংবা রীতিনীতিবিরুদ্ধ নয়। তবুও কোন একাউন্টিং ভুলে যদি ইনক্রিমেন্ট প্রদান করা হয়, অথবা ইনক্রিমেন্ট প্রদান যদি আইনসিদ্ধ না হয় তাহলে প্রদত্ত ইনক্রিমেন্ট ফেরত দেওয়া হবে বলেও মাননীয় উপাচার্য ব্যক্ত করেছেন।

বলা প্রয়োজন যে, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক কাজের জন্য ধার্য ভাতা মাননীয় উপাচার্য গ্রহণ করেন না। অর্থ উপার্জন নয়, কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে একটি মানসম্পন্ন বিশ্ববিদ্যালয়ে উন্নীত করাই তাঁর একমাত্র লক্ষ্য ও উদ্দেশ্য। মাননীয় উপাচার্যের ২০২২ সালে দায়িত্ব গ্রহণের পর থেকে বিশ্ববিদ্যালয়ের মান কোন উচ্চতায় পৌঁছেছে, তা কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট সকলে এবং জাতি অবহিত আছেন। মাননীয় উপাচার্য নিয়োগ বাণিজ্য ও টেন্ডারবাজিসহ সকল ধরনের দুর্নীতি বন্ধ করেছেন। ফলে তিনি একটি স্বার্থান্বেষী মহলের চক্ষুশূলে পরিণত হয়েছেন।

এই কারণে সামান্য বিষয়গুলোকে বড় ঘটনা হিসেবে উপস্থাপন করে মাননীয় উপাচার্যকে হেয় করার একটি অপচেষ্টা চালানো হচ্ছে। যিনি অস্ট্রেলিয়ায় ১৪ লাখ টাকার বেতন ছেড়ে একটি বিশ্ববিদ্যালয়কে গড়ে তোলার জন্য ৭০ হাজার টাকা বেতনে চাকরি করতে এসেছেন, তিনি মাত্র দুই-আড়াই হাজার টাকা ইনক্রিমেন্ট নেবেন, তা হাস্যকর বৈ কিছু নয়।

কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রশাসন উক্ত সংবাদের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে এবং এই প্রতিবাদলিপি আপনার পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করছে।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি